দৈনিক
ইনকিলাব

তারিখ: 17 JUL 2009
পৃষ্ঠা ১৬ কলাম ২

# বিশ্ববিদ্যালয় শিক্ষক ও শিক্ষার্থীদের কমনওয়েলথ স্কলারশিপ বাড়াতে হবে

*মালয়েশিয়ায় সম্মেলনে শিক্ষামন্ত্রী*

স্টাফ রিপোর্টার

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ দেশের বিশ্ববিদ্যালয় শিক্ষক ও মেধাবী শিক্ষার্থীদের কমনওয়েলথ স্কলারশিপের সংখ্যা আরো বৃদ্ধির আহ্বান জানিয়েছেন। মন্ত্রী গতকাল মালয়েশিয়ার কুয়ালালামপুর কনভেনশন সেন্টারে কমনওয়েলথ শিক্ষামন্ত্রীদের ১৭তম সম্মেলনে প্লেনারি সেশনে এ আহ্বান জানান। মালয়েশিয়ার পৃঃ ১৫ কঃ ১৫

## মালয়েশিয়ায় সম্মেলনে শিক্ষামন্ত্রী

*১৬-এর পৃষ্ঠার পর*

ডেপুটি প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী মহিউদ্দিন ইয়াছিনের সভাপতিত্বে এ সম্মেলনে বিশ্বের ৫৩টি দেশের শিক্ষামন্ত্রী ও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এ সম্মেলন উদ্বোধন করেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে একথা জানা গেছে।

সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষাখাতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কাজ করছে। সরকার ২০১১ সালের মধ্যে স্কুলে যাবার উপযোগী সব শিশুর ভর্তি নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে। তিনি কমনওয়েলথ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে ফলো-আপ ও মনিটরিং হয় না বলে উল্লেখ করে কমনওয়েলথ সেক্রেটারিয়েটকে এ বিষয়ে পদক্ষেপ নেয়ার অনুরোধ করেন। মন্ত্রী বলেন, বাংলাদেশ সরকার বিভিন্ন স্তরে গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে চায়। এজন্য মানসম্মত শিক্ষক প্রয়োজন। মন্ত্রী মানসম্মত শিক্ষক গড়ার লক্ষ্যে দেশীয় প্রচেষ্টার পাশাপাশি অংক, ইংরেজি ও বিজ্ঞান বিষয়ের শিক্ষকদের অধিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য কমনওয়েলথকে অনুরোধ জানান। সম্মেলন শেষে মন্ত্রী আগামী ২১ জুন ঢাকা ফিরবেন বলে জানা গেছে।